

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৩ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৭১.৩১.০০২.২২-৭৫।—The General Provident Fund Rules, 1979 এর Rule 12(1) এবং The Contributory Provident Fund Rules, 1979 এর Rule 12 এর বিধান অনুসারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের হিসাবে অন্তর্ভুক্ত সাধারণ ভবিষ্য তহবিল (জিপিএফ) এবং প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) এর জন্য ২০২২-২০২৩ অর্থ বছরের মুনাফা হার (Rate of Profit) স্নাবভিত্তিক নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

২০২২-২০২৩ অর্থ বছরের জিপিএফ প্রারম্ভিক স্থিতির পরিমাণ	২০২২-২০২৩ অর্থ বছরের প্রারম্ভিক স্থিতির উপর মুনাফা হার	২০২২-২০২৩ অর্থ বছরের জমাকৃত চাঁদার উপর ১নং কলামে বর্ণিত স্থিতির ভিত্তিতে মুনাফা হার
১	২	৩
১৫,০০,০০০ টাকা পর্যন্ত	১৩%	১৩%
১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ টাকা পর্যন্ত	১২%	১২%
৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব	১১%	১১%

২। সকল সিপিএফভুক্ত প্রতিষ্ঠানের (স্বায়ত্তশাসিত সংস্থা, কর্পোরেশন ইত্যাদি) আর্থিক সংগতি একরকম না হওয়ায় প্রতিষ্ঠান/সংস্থাসমূহ তাদের নিজস্ব আর্থিক বিধি-বিধান ও আর্থিক সামর্থ্য অনুযায়ী ছকে বর্ণিত স্নাবভিত্তিক হারসমূহকে সর্বোচ্চ হার হিসেবে বিবেচনায় নিয়ে সিপিএফ-এ জমাকৃত আমানতের উপর হ্রাসকৃত হারে মুনাফা নির্ধারণ করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাববীর আহমদ
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫৩৭১)

মূল্য : টাকা ৪.০০